**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-06-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যে আসন্ন ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা আজ প্রকাশিত হয়েছে ।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশ চালানোর ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল ঐক্যমত্য ।**

**(৩) লোকসভায় অধ্যক্ষ নির্বাচন আগামী বুধবার ।**

**(৪) রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের এলিট গ্রুপের খেলায় আজ শান্তিরবাজার জয়লাভ করেছে ।**

**************************************************

**Panchayat-Final voter list :**

রাজ্যে আসন্ন ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা আজ প্রকাশিত হয়েছে। মোট ৩৫ জন নির্বাচন নিবন্ধন আধিকারিক তথা বিডিও গণ স্ব স্ব ব্লক এলাকার নির্বাচনী ক্ষেত্রগুলির চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেন। রাজ্য নির্বাচন কমিশন রাজ্যের ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য আনুষাঙ্গিক সব ধরনের প্রস্তুতি নিতে শুরু করেছে। এই নির্বাচনে ৬ হাজার নয়শো'র ও বেশি আসনে ভোট গ্রহনের কথা রয়েছে। এরমধ্যে

আটটি জিলা পরিষদে আসন রয়েছে ১১৬টি, পয়ঁত্রিশটি পঞ্চায়েত সমিতিতে আসন ৪২৩টি এবং ৬০৬টি গ্রাম পঞ্চায়েতে মোট আসন রয়েছে ৬৩৭১টি।

****************************

**Final Electoral Roll-UNAKOTI :**

আমাদের ঊনকোটি জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্য জানিয়েছেন, চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ উপলক্ষে গৌরনগর ব্লকে বিডিও সোমেশ বনিক আজ এক সর্বদলীয় বৈঠক আহ্বান করেন। বৈঠকে বি,জে,পি, কংগ্রেস, তৃনমূল কংগ্রেস, সি,পি,আই (এম) এবং তিপরা মথা প্রভৃতি রাজনৈতিক দলের প্রতিনিধিরা অংশ নেন। গৌরনগর ব্লকে মোট ভোটার 43 হাজার 15 জন। এরমধ্যে পুরুষ 21 হাজার 849 জন, মহিলা 21 হাজার 166 জন। এদিকে জেলা পঞ্চায়েত আধিকারিক ডেভিড হালাম জানান, চূড়ান্ত ভোটার তালিকা অনুসারে ঊনকোটি জেলাতে মোট ভোটার 1 লক্ষ 28 হাজার 737 জন। এরমধ্যে কুমারঘাট ব্লকে মোট ভোটার 57 হাজার 57 জন। চন্ডীপুর ব্লকে মোট ভোটার 28 হাজার 655 জন।

**************************

**Congress meeting-Ambasa :**

আসন্ন পঞ্চায়েত নির্বাচনের প্রস্তুতি নিয়ে আজ আমবাসায় এক বৈঠক অনুষ্ঠিত হয়। জেলা কংগ্রেস আয়োজিত এই বৈঠকে পঞ্চায়েত নির্বাচনের দলের রণকৌশল নিয়ে বক্তব্য রাখেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা। উপস্থিত ছিলেন প্রাক্তন

পিসিসি সদস্য মানিক দেব, জেলা সভাপতি এন মারাক ও অন্যান্য নেতৃবৃন্দ।

*****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশ চালানোর ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল ঐক্যমত্য। তিনি বলেন, "সরকার চালানোর জন্য সংখ্যা গরিষ্ঠাতার প্রয়োজন। কিন্তু একটি দেশ চালানোর ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল ঐক্যমত্য।" প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার চায়, প্রত্যেককে একসঙ্গে নিয়ে ও সংবিধানের পবিত্রতা বজায় রেখে দেশের উন্নয়নের গতি ত্বরান্বিত করতে।

অষ্টাদশ লোকসভার অধিবেশন শুরু হওয়ার আগে আজ সকালে সংসদ চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন, বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্যে এবং দেশের সেবায় ও প্রত্যেককে একসঙ্গে নিয়ে মানুষের আশা আকাঙ্খা পূরণ করার উদ্দেশে অষ্টাদশ লোকসভার অধিবেশন শুরু হয়েছে।

গণতন্ত্রের সম্মান বজায় রেখে বিরোধীরা সুষ্ঠুভাবে সরকার চালাতে উপযুক্ত পদক্ষেপ নেবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

*******************************

**Ratanlal Nath-Meeting :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথের পৌরোহিত্যে আজ মোহনপুর বিধানসভা কেন্দ্রের গজারিয়া, কলকলিয়া এবং সাতডুবিয়া গ্রাম পঞ্চায়েতের কার্যকর্তাদের নিয়ে একটি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে এই গ্রাম পঞ্চায়েতগুলিতে বিগত দিনগুলির কাজের পর্যালোচনা এবং ভবিষ্যত পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

*****************************

**CPIM Press Meet :**

সিপিআইএম নেতা মানিক দে আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে জানান, বিরোধী প্রার্থীরা যাতে বিনা বাধায় মনোনয়নপত্র জমা দিতে পারে এবং ভোটাররা যাতে নির্বিঘ্নে ভোট দিতে পারে এরজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে রাজ্য নির্বাচন কমিশনের কাছে সিপিআইএম-এর পক্ষ থেকে দাবি জানানো হয়েছে। তাছাড়া অনলাইনে যাতে প্রার্থীরা মনোনয়ন দিতে পারে এবং আধা সামরিক বাহিনীর সাহায্যে যাতে এই নির্বাচন সম্পন্ন করা যায় সেই দাবীও কমিশনের কাছে জানানো হয়েছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন সিপিএম নেতা পবিত্র কর ও রতন ভৌমিক।

**********************************

**Traffic SP Raid :**

পুলিশের ট্রাফিক বিভাগ আগরতলা শহরকে যানজটমুক্ত রাখতে আজ থেকে বিশেষ অভিযান শুরু করেছে। ট্রাফিক পুলিশ সুপার মানিক দাসের নেতৃত্বে আজ বটতলা, নাগেরজলা এলাকায় অভিযান করা হয়েছে। শ্রী দাস জানান, বারবার যান চালকদের সতর্ক করা হলেও অনেকে ট্রাফিক আইন লঙঘন করছেন। তাদের বিরুদ্ধে আরও কঠোর হবে প্রশাসন। আগামীদিনে বেআইনি পার্কিং এর জন্য যানবাহনে রেজিস্ট্রেশন বাতিল করা হবে। তিনি আরও জানান, গত ছয় মাসে আগরতলা সহ রাজ্যের বিভিন্ন স্থানে বেআইনি পার্কিং ও ট্রাফিক আইন লঙঘনের জন্য ২১ হাজার ড্রাইভিং লাইসেন্স বাজেয়াপ্ত করা হয়েছে।

********************************

**Felicitation :**

ঊনকোটি জেলার ফটিকরায়ের নজরুল কলাকেন্দ্রে আজ এক অনুষ্ঠানে এবছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় প্রথম ও দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ কৃতিদের সংবর্ধনা জানানো হয়। এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, মৎস্য মন্ত্রী সুধাংশু দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, ফটিকরায় আম্বেদকর কলেজের অধ্যক্ষ ডক্টর সুব্রত শর্মা, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার প্রমুখ।

*****************************

**PM-Union Ministers takes oath :**

অষ্টাদশ লোকসভার সদস্য হিসেবে আজ শপথ গ্রহণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। অষ্টাদশ লোকসভার অধিবেশন শুরু হলে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে নিম্নকক্ষের সদস্য হিসেবে শপথবাক্য পাঠ করান প্রোটেম স্পিকার ভত্‌র্রুহরি মহতাব।

অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন শুরুর পর প্রথমে প্রোটেম স্পিকার হিসেবে শপথ নেন ভত্‌র্রুহরি মহতাব। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তাঁকে শপথ বাক্য পাঠ করান। এরপর একে একে শপথ নেন নবনির্বাচিত সাংসদরা। প্রধানমন্ত্রীর পর শপথ নেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ, নীতিন গড়করি ও অন্যান্য সদস্যরা।

উল্লেখ্য, আগামী বুধবার হবে লোকসভার নতুন অধ্যক্ষ নির্বাচন। বৃহস্পতিবার উভয় সভার যৌথ অধিবেশনে ভাষণ দেবেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। সেদিনই শুরু হবে, রাজ্যসভার অধিবেশন। তেসরা জুলাই পর্যন্ত সংসদের অধিবেশন চলার কথা।

*****************************

**Congress :**

কংগ্রেস কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে অভিযোগ করে বলেছে নিট দুর্নীতি, পশ্চিমবঙ্গের সাম্প্রতিক রেল দুর্ঘটনা, মুদ্রাস্ফীতি এই সব কিছুর দায়ভার নিতে হবে সরকারকে। আজ সংসদের বাইরে সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে কংগ্রেস প্রেসিডেন্ট মল্লিকার্জুন খার্গে এই সব ঘটনায় সরকারের নীরবতার সমালোচনা করেন। সাংসদ রাহুল গান্ধীও সংবিধানের অবমাননার অভিযোগ তোলেন সরকারের বিরুদ্ধে। আজ সংসদের বাইরে বিরোধী নেতৃত্বরা সংবিধানের প্রতিলিপি নিয়ে বিক্ষোভ প্রদর্শন করেন।

***************************

**CPIM-Belonia :**

শিয়ালদহ-সাব্রুম কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস বিলোনিয়ায় স্টপেজ দেবার দাবিতে আজ বিলোনিয়া শহরে সিপিআইএম দক্ষিণ জেলা কমিটির উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সভার আয়োজন করা হয়। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন, অশোক কুমার মিত্র, সিপিআইএম দক্ষিণ জেলা সম্পাদক বাসুদেব মজুমদার, মহকুমা সম্পাদক তাপস দত্ত, প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী প্রমুখ।

*****************************

**Demonastration :**

জেআরবিটি পরিচালিত গ্রুপ ডি পরীক্ষার মেধা তালিকা প্রকাশ ও নিয়োগের দাবীতে আজ আগরতলায় জেআরবিটি অফিসের সামনে চাকুরী প্রার্থীরা গণঅবস্থানে বসে। তারা আগামী ১ মাসের

মধ্যে গ্রুপ ডি-র মেধা তালিকা প্রকাশ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য দাবি জানান।

***********************************

**DYFI :**

সর্বভারতীয় ডাক্তারি প্রবেশিকা পরীক্ষায় অনিয়মের প্রতিবাদে আজ আগরতলায় চারটি বামপন্থী ছাত্র যুব সংগঠন বিক্ষোভ মিছিলে সামিল হয়। ডি ওয়াই এফ আই রাজ্য সভাপতি পলাশ ভৌমিক অভিযোগ করেন, সম্প্রতি সর্বভারতীয় ডাক্তারি প্রবেশিকা পরীক্ষায় নজিরবিহীন কেলেঙ্কারি ধরা পড়েছে। তারই প্রতিবাদে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রীর পদত্যাগ ও নয়া জাতীয় শিক্ষানীতি বতিলের দাবিতে আজ শহরে বিক্ষোভ মিছিলের আয়োজন করা হয়।

***************************

**SFI MEDICOS' :**

এসএফআই মেদিকোস লোকাল কমিটির পক্ষ থেকে আজ মেডিক্যাল শিক্ষা অধিকর্তার কাছে এক ডেপুটেশন প্রদান করা হয়। ডেপুটেশনকালে মেডিকোসের প্রতিনিধিরা আই.জি.এম হাসপাতালটি একটি বেসরকারী সংস্থাকে ব্যবহারের সুযোগ দেবার উদ্যোগের আপত্তি জানান। তাছাড়া রাজ্যে NEET-PG পরীক্ষা কেন্দ্রের সংখ্যা বৃদ্ধি, হঠাৎ পরীক্ষা বাতিলের ফলে বহিঃরাজ্যে পরীক্ষা দিতে গিয়ে ছাত্রছাত্রীদের যে আর্থিক ক্ষতি হয়েছে তার জন্য ক্ষতিপূরণ প্রদান, NEET নিয়ে রাজ্যে একটি 'Grievance Redressal Cell' গঠনের জন্য প্রতিনিধিরা দাবি জানান।

******************************

**BJP Press Meet :**

আইজিএম হাসপাতালকে সম্পূর্ণ বে-আইনিভাবে একটি বেসরকারী সংস্থার হাতে তুলে দেওয়ার প্রক্রিয়া চলছে বলে গতকাল সিপিএম রাজ্য সম্পাদক তথা বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী যা অভিযোগ করেছেন তা সম্পূর্ণ অসত্য বলে মন্তব্য করেছেন প্রদেশ বিজেপি মুখপাত্র সুব্রত চক্রবর্তী। তিনি আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে বলেন, গতকাল বিরোধী দলনেতা আরো বলেছেন যে, রাজ্যের বেকার যুবকদের বঞ্চিত করে আউটসোর্সিং এর মাধ্যমে বহিঃরাজ্যের ছেলেমেয়েদের এখানে গোপনে চাকুরী দেওয়া হচ্ছে। বিরোধী দলনেতার এই অভিযোগও সম্পূর্ণ ভিত্তিহীন বলে তিনি মন্তব্য করেন। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন প্রদেশ বিজেপির সহ সভাপতি তাপস ভট্টাচার্য, বিজেপির মিডিয়া ইনচার্জ সুনীত সরকার প্রমুখ।

***************************

**State wise cricket :**

রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের এলিট গ্রুপের খেলায় আজ শান্তিরবাজার জয়লাভ করেছে। ধর্মনগরে অনুষ্ঠিত খেলায় শান্তিরবাজার ৩৭ রানে উদয়পুরকে হারিয়ে দেয়। এদিকে, প্লেট গ্রুপের আজ চারটি খেলা হয়। মেলাঘরে অনুষ্ঠিত খেলায় তেলিয়ামুড়া ৩০ রানে জিরানীয়াকে, শান্তিরবাজারে অনুষ্ঠিত খেলায় অমরপুর ৬ উইকেটে সাব্রুমকে, বিলোনীয়ায় অনুষ্ঠিত খেলায় ধর্মনগর ১১৫ রানে গন্ডাছড়াকে এবং সাব্রুমে অনুষ্ঠিত খেলায় আমবাসা ১০৯ রানে বিলোনীয়াকে পরাজিত করে।

**************************

**Third Division League :**

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার খেলায় আজ উমাকান্ত কোচিং সেন্টার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় উমাকান্ত কোচিং সেন্টার ৩-২ গোলে আমরা কজনাকে পরাজিত করে। একই মাঠে ঐকতান যুব সংস্থা ও সিমনা তমাকারী ফুটবল ক্লাবের অপর খেলাটি ১-১ গোলে ড্র হয়।

*******************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ পঁয়ত্রিশ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন সাতাশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল পঁয়ত্রিশ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন সাতাশ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস। সকাল সাড়ে আটটা থেকে বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে তিন দশমিক চার মিলিমিটার।

****************************